

হে ছেহর পালকে উড়ন্ত মিছিল

- মিজান উদ্দীন খান বারু

স্বল্প সময়ের গল্প

পর্ব-২০ নাম্বার

এতো সুখ সহিবো কেমন করে, বুঝি কান্নাই লেখা ছিল ভাগ্যে আমার

মোবাইল ডিসপ্লেতে অচিন নাম্বার ।

হ্যালো ?

কে বলছেন প্লিজ ?

আমি এম.ইউ.খান, আপনি ?

লুবণা বলছি । তবে যদি কিছু মনে না করেন.....

না, না মনে করার কি আছে!

বলুন আপনার জন্য কি করতে পারি ?

আপনাকে কিছুই করতে হবে না । শুধু আমার কথা শুনে যাবেন.... ।

আমার অপরাধ ?

নির্দোষ আমরা কেউ নই ।

দেখুন হেঁয়ালী করে কথা বলবেন না ।

সময়ের দায় এড়াবেন কিভাবে ?

কোন সময়ের কথা বলছেন ?

সু-সময়ের সময়কাল জানাবেন কি ?

থাক না আজ ও সব কথা ।

আসিবে কি সেদিন আদৌ,

হাতে রাখি হাত,

হৃদয়ে হৃদয়

সমব্যর্থি সৃজন ?

বিষন্ন কবি ?

আপনার কি মনে হয়, জীবন গল্পে আপনার কোন চরিত্র নেই ?

বিদেশী কোম্পানীর মধ্যম মানের কর্মকর্তা ।

বাঙলা সাহিত্যের মাচানে বেড়ে উঠেছি আমি,
দুঃখের সঙ্গে মিতালী করেছি, সুখকে দিয়েছি ছুটি ।
দুঃখ বিলাসী ?
দুঃখের সংজ্ঞা কি ?
না প্রাপ্তির লগ্ন ভরে যায় বেদনায়
এবং দুঃখের ও শেষ আছে
শেষ নেই শুধু কষ্টের ।
আপনি নিজেকে বিশ্বাস করেন ?
ভালবাসি বলেই বিশ্বাস করি ।
যদি বলি দেখা করতে চাই, সম্ভব ?
দেখা করা কি জরুরী ?
পালিত ইচ্ছের পূর্ণবাসন করতে চাই ।
ইচ্ছের রকম ফেরের কারা' য় বন্দী হবার
কোনরূপ ইচ্ছে আমার নেই ।
একটা গল্প বলি, শুনবেন ?
ক্ষমা করবেন, পান্সে জীবনের
রসকষহীন গল্প আর নয় ।
জীবন থেকে পালাতে চান ?
হ্যাঁ, ঠিক তাই ।
কিন্তু কে তোমায় যেতে দিচ্ছে শনি'
তোমায় আমি আঁকড়ে রাখব
আ-জীবন এ হৃদয়ের গহীনে
কোন অসুর না পারিবে হরিতে !
(প্রত্যুত্তর কি হয়েছিল,
পাঠক' তা আর জানা হয়ে উঠেনি)
কল্পনা পর্ব -
আচ্ছা এমন যদি হয় -
মুখর রঁতোয়ারায়:
মুখো মুখি দু' জন ।
রং নাম্বারে পরিচয়

কথার পিঠে কথা হয়েছিল.....

অতঃপর

নিঃশ্বাস নেমে আসে কাছে

আরো কাছে

অতি নিকটে

নিকটবর্তী হয়

ভালবাসার পরিপূর্ণতায়,

সবুজ প্রকৃতি লজ্জা পায় ।
